রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, আগস্ট ৪, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৯ শ্রাবণ, ১৪২১ বঙ্গাব্দ/২৪ জুলাই, ২০১৪ খ্রিস্টাব্দ

**এস,আর, ও নং ২১০-আইন/২০১৪।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৪ এর নিম্নরূপ সংশোধন করিলেন ঃ—

উপরি-উক্ত বিধিমালার তফসিলের পরিবর্তে নিম্নরূপ তফসিল প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

**তফসিল**

**(বিধি ৩ দ্রষ্টব্য)**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | পরিচালক | - | প্রেষণে নিয়োগের মাধ্যমে | সশস্ত্র বাহিনীর ব্রিগেডিয়ার জেনারেল বা সমপদমর্যাদার কর্মকর্তা। |
| (২) | উপ-পরিচালক | - | প্রেষণে নিয়োগের মাধ্যমে | সশস্ত্র বাহিনীর কর্ণেল বা লেফটেন্যান্ট কর্ণেল বা সমপদমর্যাদার কর্মকর্তা। |
| (৩) | প্রশাসনিক কর্মকর্তা | - | প্রেষণে নিয়োগের মাধ্যমে | সশস্ত্র বাহিনীর মেজর বা সমপদ মর্যাদার কর্মকর্তা। |



**মূল্য ঃ** টাকা ৮.০০

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৪) | সচিব | ৫০ বৎসর | ৭৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>২৫% পদ প্রেষণে নিয়োগের মাধ্যমে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত মেজর বা সমপদমর্যাদার কর্মকর্তা।<br>**প্রেষণে নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>সশস্ত্র বাহিনীর মেজর বা সমপদমর্যাদার কর্মকর্তা। |
| (৫) | সুপারিনটেনডেন্ট/ হেড ক্লার্ক | - | প্রেষণে নিয়োগের মাধ্যমে | সশস্ত্র বাহিনীর জেসিও করণিক। |
| (৬) | পিএ | - | প্রেষণে নিয়োগের মাধ্যমে | সশস্ত্র বাহিনীর জেসিও করণিক। |
| (৭) | ভেরিফিকেশন/ ইনভেষ্টিগেশন অফিসার | ৪৮ বৎসর | ৮০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>২০% পদ প্রেষণে নিয়োগের মাধ্যমে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সশস্ত্র বাহিনীর ২০ (বিশ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন অবসরপ্রাপ্ত জেসিও বা সমপদমর্যাদাধারী।<br>**প্রেষণে নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ প্রশাসনিক কাজে অভিজ্ঞতা সম্পন্ন সশস্ত্র বাহিনীর জেসিও বা সমপদমর্যাদাধারী। |
| (৮) | করণিক (ইউডিএ) | ৪৫ বৎসর | ৬০% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>৪০% পদ প্রেষণে নিয়োগের মাধ্যমে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রীসহ কম্পিউটার চালনায় অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।<br>অথবা<br>কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সশস্ত্র বাহিনীর ১৫ (পনের) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন অবসরপ্রাপ্ত সার্জেন্ট বা সমপদমর্যাদাধারী।<br>**প্রেষণে নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কম্পিউটার চালনায় অভিজ্ঞতা সম্পন্ন সশস্ত্র বাহিনীর সার্জেন্ট বা কর্পোরাল বা সমপদমর্যাদাধারী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (৯) | সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর | - | প্রেষণে নিয়োগের মাধ্যমে | সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসহ সশস্ত্র বাহিনীর সার্জেন্ট বা কর্পোরাল বা সমপদমর্যাদাধারী। |
| (১০) | অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক | ৪৫ বৎসর | ৭৫% পদ সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br><br>২৫% পদ প্রেষণে নিয়োগের মাধ্যমে | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে;<br>তবে শর্ত থাকে যে, সশস্ত্র বাহিনীর ১৫ (পনের) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন কর্পোরাল/ল্যান্স কর্পোরাল বা সমপদ মর্যাদাধারী প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।<br>**প্রেষণে নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কম্পিউটার চালনায় অভিজ্ঞতাসম্পন্ন সশস্ত্র বাহিনীর কর্পোরাল/ল্যান্স কর্পোরাল বা সমপদমর্যাদাধারী। |
| (১১) | গাড়ী চালক | ৪০ বৎসর | ৬০% পদ আউট সোর্সিং এর মাধ্যমে; এবং<br><br>৪০% পদ প্রেষণে নিয়োগের মাধ্যমে | **আউটসোর্সিং ক্ষেত্রে ঃ** (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী (হালকা যান) হইতে হইবে;<br>তবে শর্ত থাকে যে, সশস্ত্র বাহিনীর কর্পোরাল/ল্যান্স কর্পোরাল বা সমপদ মর্যাদাধারী বৈধ ড্রাইভিং লাইসেন্সধারী (হালকা যান) গাড়ী চালকগণকে অগ্রাধিকার প্রদান করা যাইবে।<br>**প্রেষণে নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ সশস্ত্র বাহিনীর কর্পোরাল/ল্যান্স কর্পোরাল বা সমপদমর্যাদাধারী (গাড়ী চালক)। |
| (১২) | ডেসপাস রাইডার (ডিআর) | - | প্রেষণে নিয়োগের মাধ্যমে | সশস্ত্র বাহিনীর ল্যান্স কর্পোরাল/সৈনিক (গাড়ী চালক) বা সমপদমর্যাদাধারী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| (১৩) | অফিস সহায়ক | ৪৫ বৎসর | ৬০% পদ আউট সোর্সিং মাধ্যমে; এবং<br><br>৪০% পদ প্রেষণে নিয়োগের মাধ্যমে | **আউটসোর্সিং এর ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ এবং সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত সৈনিক (জিডি)।<br>**প্রেষণে নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>সশস্ত্র বাহিনীর সৈনিক (জিডি) বা সমপদমর্যাদাধারী। |
| (১৪) | বার্তাবাহক | - | প্রেষণে নিয়োগের মাধ্যমে | সশস্ত্র বাহিনীর সৈনিক (জিডি) বা সমপদমর্যাদাধারী। |
| (১৫) | নিরাপত্তা প্রহরী | ৪৫ বৎসর | ৫০% পদ আউট সোর্সিং মাধ্যমে; এবং<br><br>৫০% পদ প্রেষণে নিয়োগের মাধ্যমে | **আউটসোর্সিং এর ক্ষেত্রে ঃ**<br>কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত সৈনিক (জিডি)।<br>**প্রেষণে নিয়োগের ক্ষেত্রে ঃ**<br>সশস্ত্র বাহিনীর সৈনিক (জিডি) বা সমপদমর্যাদাধারী। |
| (১৬) | মালী | ৩০ বৎসর | আউটসোর্সিং এর মাধ্যমে। | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণীতে উত্তীর্ণ বা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরিক্ষায় উত্তীর্ণ। |
| (১৭) | পরিচ্ছন্নতা কর্মী | ৩০ বৎসর | আউটসোর্সিং এর মাধ্যমে। | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে অষ্টম শ্রেণীতে উত্তীর্ণ বা কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরিক্ষায় উত্তীর্ণ। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাজী হাবিবুল আউয়াল**
সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd